গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
ডব্লিউটিও অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**বিষয়ঃ ন্যাশনাল ট্রেড ফ্যাসিলিটেশন কমিটি (এনটিএফসি)'র ৭ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব টিপু মুনশি, এমপি, মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
সভার তারিখ : ২০ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ।
স্থান : সম্মেলন কক্ষ, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ঢাকা।

**সভার উপস্থিতি:**

সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

০২. **সভার প্রারম্ভিক আলোচনা:**

৭ম এনটিএফসি সভার শুরুতে মাননীয় বাণিজ্য মন্ত্রী ও সভার সভাপতি মহোদয় উপস্থিত প্রতিনিধিদের-কে স্বাগত জানান। তিনি বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। অত:পর বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় উল্লেখ করেন যে, ২০২৬ সালের মধ্যেই বাংলাদেশের graduation হবে। তার পূর্বেই বাংলাদেশকে প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য সক্ষমতা অর্জন করতে হবে। এ লক্ষ্যে WTO Trade Facilitation Agreement বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থাকে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগের অতিরিক্ত সচিব ও সভার সদস্য সচিব-কে এজেন্ডাভিত্তিক সভার কার্যপত্র উপস্থাপনের জন্য আহবান জানান।

০৩. সভায় অতিরিক্ত সচিব, ডব্লিউটিও অনুবিভাগ এজেন্ডাভিত্তিক কার্যক্রম উপস্থাপন করেন এবং উপস্থিত সম্মানিত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | আলোচ্য বিষয়-১: এনটিএফসি'র ৬ষ্ঠ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:<br>কার্যবিবরণীর বিষয়ে মতামত/পরামর্শ আহবান করা হয়। পরামর্শ/সুপারিশ না থাকায় ৬ষ্ঠ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়। | এনটিএফসি'র ৬ষ্ঠ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়। |
| ৩.২ | আলোচ্য বিষয়-২: এনটিএফসি ৬ষ্ঠ সভার (১৪-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত) সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা: | | |
| ৩.২ (ক) | Article 1.3: Enquiry Points<br>(১) এনবিআর এর প্রতিনিধি কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, National Enquiry Points (NEP) সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য দুটি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং NEP সংশ্লিষ্ট নতুন কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | (১) এনবিআর কর্তৃক National Enquiry Points (NEP) সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ ও | (১) এনবিআর |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | stakeholder-দের awareness program আয়োজনের লক্ষ্যে ডেভেলপমেন্ট পার্টনারদের সাথে যোগাযোগ কার্যক্রম চলমান আছে।<br><br>(২) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বিশ্বব্যাংক এবং বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে National Enquiry Point for Trade স্থাপন করা হয়েছে যা বর্তমানে বিআরসিপি-১ প্রকল্প কর্তৃক পরিচালিত হচ্ছে। NEP এর Focal Point কর্মকর্তাদের Awareness ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br><br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, কর্মকর্তাদের প্রশিক্ষণ ও awareness program এর বিষয়টি Continous process যা চলমান রাখা যেতে পারে। | awareness program অব্যাহত রাখতে হবে।<br><br>(২) বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় প্রকল্প কর্তৃক Focal Point কর্মকর্তাদের awareness program ও প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | (২) প্রকল্প পরিচালক, বিআরসিপি-১ এবং ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.২ (খ) | Article 1.4 (c): Notification<br><br>(১) এনবিআর এর প্রতিনিধি সভাকে জানানো হয় যে, এনবিআর কর্তৃক স্থাপিত National Enquiry Points for Customs-এ WTO'র TFA Agreement এর Article 1.4 (c) এবং 1.3.1 এর আলোকে তথ্যাদি অন্তর্ভুক্ত করে WTO তে প্রতিষ্ঠিত Committee on Trade Facilitation কে Notify করার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড জানায় TFA Agreement, WTO এর Article 1.4 (c) এবং 1.3.1 এর আলোকে Article 1.1.1 এর (a)-(j) তথ্যাদি National Enquiry Points for Customs-এ অন্তর্ভুক্ত করার কার্যক্রম চলমান আছে।<br><br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, ডব্লিউটিও কে Notify করার জন্য এনবিআরকে তাদের NEP এর Contact points ও Website এর URL ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয়-কে সত্তর জানানো প্রয়োজন।<br><br>(২) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক স্থাপিত National Enquiry Point for Trade পরিচালনার জন্য guideline এর খসড়া তৈরী করা হয়েছে। নির্ধারিত | (১) ডব্লিউটিও কে Notify করার জন্য এনবিআর কর্তৃক তাদের NEP এর Contact points ও Website এর URL ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয়-কে পত্র দিয়ে জানাতে হবে।<br><br>(২) বাণিজ্য মন্ত্রণালয় এর ডব্লিউটিও উইং তাদের স্থাপিত NEP পরিচালনার | (১) জাতীয় রাজস্ব বোর্ড<br><br>(২) ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয় |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | সময়ের মধ্যে Enquiry Point এর বিষয় Notify করা হবে।<br>বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, বাণিজ্য মন্ত্রণালয় এর ডব্লিউটিও উইং তাদের স্থাপিত NEP পরিচালনার Guideline চূড়ান্তকরত: এনবিআর ও বাণিজ্য মন্ত্রণালয়ের NEP দুটির Contact points ও Website এর URL ডিসেম্বর ২০২৩ইং এর মধ্যে ডব্লিউটিও কে Notify করবে। | Guideline চূড়ান্তকরত: এনবিআর ও বাণিজ্য মন্ত্রণালয়ের NEP দুটির Contact points ও Website এর URL ডিসেম্বর ২০২৩ইং এর মধ্যে ডব্লিউটিও কে Notify করবে। | |
| | (৩) বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় CLP (Certificate, License and Permit) এর সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে তাদের Contact points এর তথ্য বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও উইং-কে জানানোর জন্য ডব্লিউটিও উইং হতে একটি পত্র দেয়ার তাগিদ দেন। | (৩) CLP এর সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে তাদের Contact points এর তথ্য দ্রুত বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও উইং-এ প্রেরণ করতে হবে। বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও উইং সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করবে। | (৩) CLP এর সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান |
| ৩.২ (গ) | Article 5.3: Test Procedure<br><br>(১) Article 5.3: Test Procedure এর বিষয়ে FBCCI এর প্রতিনিধি আমদানি নীতিতে 2nd test এর বিষয় অন্তর্ভুক্ত করার সুপারিশ করেন। যেহেতু 2nd test এর বিষয়টি আমদানি নীতিতে অন্তর্ভুক্ত নেই সেহেতু এ বিষয়টি আমদানি নীতিতে অন্তর্ভুক্ত করার জন্য সভায় উপস্থিত অন্যান্য প্রতিনিধিও একমত পোষণ করেন। | (১) আমদানি নীতি ২০২৩-২৬ এ 2nd test এর বিষয় অন্তর্ভুক্ত করার বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের আইআইটি অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (১) আইআইটি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় |
| | (২) ২য় টেস্ট এর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (গ্রেড ১) (মূসক নীতি) জনাব জাকিয়া সুলতানা জানান যে, বর্তমানে ১ ম টেস্টের রেজাল্টের বিষয়ে কোন সংশয় উত্থাপিত হলে বিদ্যমান শুল্ক আইনে ২য় টেস্টের বিষয়ে সরাসরি কোন বিধান না থাকলেও, সকল কাস্টমস হাউজে ২য় এবং প্রয়োজন বোধে, তৃতীয় টেস্টের প্র্যাকটিস রয়েছে। এক্ষেত্রে পণ্য ভেদে BCSIR, প্রকৌশল বিশ্ববিদ্যালয় সহ অন্যান্য স্বনামধন্য ল্যাবরেটরীতে টেস্ট করা হয়ে থাকে। এছাড়া বর্তমানে ২য় টেস্টের বিষয়ে একটি SRO জারী প্রক্রিয়াধীন রয়েছে এবং ২য় টেস্টের জন্য ল্যাবরেটরীর তালিকা চূড়ান্তকরণ করার প্রক্রিয়া চলছে। | (২) 2nd test এর সুবিধার বিষয় উল্লেখপূর্বক এনবিআর SRO জারীসহ 2nd test এর জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে ল্যাবের তালিকা প্রণয়ন করত: উক্ত তালিকা SRO-তে অন্তর্ভুক্ত করবে এবং তাদের Website-এ প্রকাশ করবে। | (২) জাতীয় রাজস্ব বোর্ড |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | এ বিষয়ে বিএসটিআই'র প্রতিনিধি জানান, ISO Standard-এ 2nd test এর বিষয় উল্লেখ রয়েছে।<br><br>এ বিষয়ে FBCCI এর প্রতিনিধি বলেন, 2nd test এর সুবিধার বিষয় উল্লেখপূর্বক এনবিআর SRO জারী করতে পারে। তাছাড়া এনবিআর তাদের SRO এ 2nd test এর জন্য সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ল্যাবের তালিকা উল্লেখ করতে পারে এবং তালিকা তাদের Website-এ প্রকাশ করতে পারে।<br><br>2nd test এর সুবিধার বিষয় উল্লেখপূর্বক এনবিআর SRO জারীসহ 2nd test এর জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে ল্যাবের তালিকা প্রণয়ন করত: উক্ত তালিকা SRO-তে অন্তর্ভুক্ত করার বিষয়ে এবং তাদের Website-এ প্রকাশ করার বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় এনবিআর-কে অনুরোধ জানান। | | |
| ৩.২ (ঘ) | Article 7.1: Pre-arraival Process<br><br>জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (গ্রেড ১) (মূসক নীতি) জনাব জাকিয়া সুলতানা জানান যে, PAP (Pre-arrival Processing) পণ্য চালান দেশে পৌঁছার পূর্বেই, অনলাইনে IGM (Import General Manifest) প্রাপ্তির ভিত্তিতে, PAP অর্থাৎ পণ্য চালান শুল্কায়নের সুবিধা, বিদ্যমান শুল্ক আইন অনুযায়ী সমুদ্র বন্দর ও বিমান বন্দরে কার্যকর আছে। তবে ল্যান্ড কাস্টমস স্টেশনের ক্ষেত্রে বর্তমান আইনে এ বিধান নেই। এলসি স্টেশনের ক্ষেত্রে দেখা যায় যে, পার্শ্ববর্তী দেশ হতে ল্যান্ড কাস্টমস স্টেশনের মাধ্যমে বাংলাদেশে ফিজিক্যালি পণ্য এবং ট্রাক রিসিপ্ট ( যা স্থলবন্দরে IGM এর বিকল্প) প্রায় একই সময়ে দেশে পৌঁছায়। ফলে এক্ষেত্রে PAP খুব একটা কার্যকর নয়। এছাড়া স্থল শুল্ক স্টেশনে PAP বাস্তবায়নের জন্য পাশ্ববর্তী দেশেরও সহযোগিতা প্রয়োজন। বর্তমানে ADB'র সহায়তায়, ট্রেড ফ্যাসিলিটেশন বাস্তবায়নের স্বার্থে তিনটি এলসি স্টেশনে PAP চালুর বিষয়টি পাশ্ববর্তী দেশের প্রতিনিধির সাথে আলোচনাধীন রয়েছে। | জাতীয় রাজস্ব বোর্ড Land রুটে সত্তর Pre-arraival Processing (PAP) চালুর ব্যবস্থা গ্রহণ করবে। | জাতীয় রাজস্ব বোর্ড |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, জাতীয় রাজস্ব বোর্ডকে Land রুটেও PAP চালু করতে হবে। | | |
| ৩.২ (ঙ) | Article 7.4: Risk Management এর বিষয়ে<br>(১) জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (গ্রেড ১) (মূসক নীতি) জনাব জাকিয়া সুলতানা জানান যে, NSW প্রকল্পের আওতায় NSW (National Single Window) সফটওয়্যার ও ARMS (Automated Risk Management Software) Software প্রকিউরমেন্টের লক্ষ্যে, বিশ্ব ব্যাংকের দীর্ঘ প্রকিউরমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করে, সম্প্রতি একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানকে নিয়োগ দেয়া হয়েছে। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক আগামী ১৮ (আঠারো) মাসের মধ্যে NSW সফটওয়্যার ও ARMS সফটওয়ার ডেভেলপ ও বাস্তবায়ন করা হবে। এ ক্ষেত্রে তিনি আমদানি- রপ্তানি সংক্রান্ত সার্টিফিকেট ইস্যুর সাথে জড়িত সংস্থা/ CLPIA (সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুয়িং অথরিটি) দের ক্ষেত্রে, রিস্ক ম্যানেজমেন্ট (RM) এর ভিত্তিতে নমুনা পরীক্ষা/CLP (সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট) ইস্যুর বিষয়টি উপস্থাপন করেন। তিনি জানান যে, IPO (আমদানি নীতি আদেশ) অনুযায়ী যে সকল পণ্যের ছাড়করণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/মন্ত্রণালয়ের নমুনা পরীক্ষার প্রয়োজন (যেমন: রেডিয়েশন টেস্ট রিপোর্ট, BSTI test রিপোর্ট), সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের শতভাগ চালানের ক্ষেত্রে বিদ্যমান বিধান অনুযায়ী ছাড়পত্র ইস্যু প্রয়োজন পড়ে। ফলে চালান খালাসে বিলম্ব হয়। এক্ষেত্রে IPO তে অথবা পণ্য সংশ্লিষ্ট সংস্থা/ দপ্তরের বিধিবিধানে রিস্ক ম্যানেজমেন্ট (RM) এর ভিত্তিতে নমুনা পরীক্ষা/CLP ইস্যু করা হলে পণ্য খালাসে বিলম্ব পরিহার করা সম্ভব হবে। তবে এক্ষেত্রে অন্যান্য দেশের বিধি বিধানের আলোকে বিষয়টি পরীক্ষা করা যেতে পারে।<br>এনবিআর কর্তৃক Automated Risk Management Software (ARMS) সংগ্রহ এবং ARMS-কে operatonal করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় এনবিআর-কে অনুরোধ জানান। | (১) এনবিআর নির্ধারিত সময়ের মধ্যে Automated Risk Management Software (ARMS) সংগ্রহ করবে এবং ARMS-কে operatonal করবে। | (১) এনবিআর |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | (২) এফবিসিসিআই'র প্রতিনিধি জানান, sampling/random basis-এ test কার্যক্রম সম্পাদন করা সম্ভব কিন্তু বাস্তবে দেখা যায় ১০০% পণ্য test এর পর পণ্য ছাড়করণের ব্যবস্থা নেয়া হয়।<br><br>BSTI'র প্রতিনিধি জানান, তাদের আইন ২০১৮-এ Risk Management বিষয়টি উল্লেখ নেই। আইন ২০১৮ অনুযায়ী সংশ্লিষ্ট সকল আমদানিকৃত চালানের জন্য ছাড়পত্র প্রয়োজন হয়। তারা তাদের ল্যাব উন্নয়ন ও আইন সংশোধনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য USDA-এর সাথে MoU স্বাক্ষর করেছে।<br><br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, সার্টিফিকেট ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহ নিজস্ব RM (Risk Management) সিস্টেম চালু করতে পারে। | (২) পণ্য Test এর বিষয়ে সার্টিফিকেট ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহ BSTI, DAE, DoF, DLS, Bangladesh Atomic Energy Commission, BCSIR, FSAB, DAM আমদানিকৃত পণ্য দ্রুত খালাসের উদ্দেশ্যে নিজস্ব RM (Risk Management) সিস্টেম চালু করবে। | (২) BSTI, DAE, DoF, DLS, BAEC, BCSIR, FSAB, DAM |
| ৩.২ (চ) | Article 7.5: Post Clearance Audit এর বিষয়ে<br>(১) জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি জানায় তারা ইতোমধ্যে Transaction based PCA Manual প্রস্তুত করেছে। System based PCA Manual এর ড্রাফট প্রস্তুত করা হয়েছে এবং চূড়ান্তকরণ কার্যক্রম চলমান আছে।<br><br>জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক তাদের Transaction based PCA Manual এবং System based PCA Manual দ্রুত চূড়ান্ত করণ এবং operatonalকরার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় এনবিআর-কে অনুরোধ জানানো হয়। | (১) জাতীয় রাজস্ব বোর্ড তাদের Transaction based PCA Manual এবং System based PCA Manual দ্রুত চূড়ান্ত করে operatonal করবে। | (১) এনবিআর |
| | (২) Post Clearance Audit এর বিষয়ে দীর্ঘ আলোচনা শেষে সকলে একমত হন যে, Risk management system এর সাথে সংশ্লিষ্ট সার্টিফিকেট ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহ তাদের নিজেদের Post clearance audit system এর ব্যবস্থা গ্রহণ করতে পারে। | (২) পণ্য Test এর বিষয়ে সার্টিফিকেট ইস্যুকারী প্রতিষ্ঠানসমূহ BSTI, DAE, DoF, DLS, Bangladesh Atomic Energy Commission, BCSIR, FSAB, DAM তাদের নিজেদের | (২) BSTI, DAE, DoF, DLS, BAEC, BCSIR, FSAB, DAM |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | Post clearance audit system এর ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ৩.২ (ছ) | Article 7.7: Trade Facilitation Measures for Authorised Economic Operators এর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (গ্রেড ১) (মূসক নীতি) জনাব জাকিয়া সুলতানা জানান যে, ইতিপূর্বে ০৩ টি প্রতিষ্ঠানকে AEO সুবিধা দেয়া হয়েছিল। সম্প্রতি আরো ০৯ টি প্রতিষ্ঠান কে AEO সুবিধা দেয়া হয়েছে। ফলে বর্তমানে মোট AEO প্রতিষ্ঠান ১২ টি। এছাড়া Supply Chain এর সাথে জড়িত সকল সংস্থাকে AEO-তে অন্তর্ভুক্তিসহ SMEভুক্ত প্রতিষ্ঠানকে AEO সুবিধা প্রদানের লক্ষ্যে বিদ্যমান AEO বিধিমালার কিছু শর্তাবলী রিভিউ করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, AEO সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের নাম NBR এর ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন। তাছাড়া যাচাই-বাছাইপূর্বক আরো বেশী পরিমাণ প্রতিষ্ঠানকে AEO সুবিধা প্রদান করা প্রয়োজন। | NBR তাদের ওয়েবসাইটে AEO সুবিধাপ্রাপ্ত ১২টি প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করবে। উক্ত তালিকা বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগে প্রেরণ করবে। এছাড়াও যাচাই-বাছাইপূর্বক আরো বেশী পরিমাণ প্রতিষ্ঠানকে AEO সুবিধা প্রদান করবে। | এনবিআর ও ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.২ (জ) | Article 7.8: Expedited Shipments এর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি জানায় দ্রুত মাল খালাসের নিমিত্তে কাস্টমস চার্জসহ অন্যান্য বিষয় তরান্বিত করার জন্য তারা SRO এর খসড়া প্রস্তুত করেছে এবং এর validation কার্যক্রম চলমান আছে।<br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, NBR অতিসত্তর SRO জারীর ব্যবস্থা গ্রহণ করবে। | NBR অতিসত্তর SRO জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | এনবিআর |
| ৩.২ (ঝ) | Article 7.9: Perishable goods এর বিষয়ে<br>(১) CPA (Chattogram Port Authority) এর প্রতিনিধি জানায় Perishable goods এবং আরেকটি ICD (Inland Container Depot) এর বিষয়ে Need Assessment করার জন্য তারা IFC এর নিকট সহায়তা চেয়েছে।<br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, এ বিষয়টি সময় সাপেক্ষ ব্যাপার হলেও CPA সময় নিয়ে এ বিষয়ে অগ্রসর হতে পারে।<br>(২) MPA (Mongla Port Authority) এর প্রতিনিধি জানায় USDA এর Support এর | (১) Perishable goods এবং আরেকটি ICD এর বিষয়ে Need Assessment করার জন্য CPA সময় নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (১) CPA |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | মাধ্যমে তারা Cold Storage স্থাপন করার ব্যবস্থা নিচ্ছে। USDA সাপোর্ট এর বিষয়ে ১৮-০৭-২০২৩ইং তারিখে BTF USDA কে পত্র প্রেরণ করা হয়েছে। তারা ইতোমধ্যে Cold Storage এর জন্য জায়গা পছন্দ করেছেন।<br><br>এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, MPA এর কোন প্রকল্পের মাধ্যমে অর্থ সংগ্রহ করতে পারে কিনা এ বিষয়টি ইআরডি'র সচিব মহোদয় সভাকে অবগত করতে পারেন। ইআরডি'র সচিব মহোদয় বলেন, তাঁর জানামতে BTF USDA অবকাঠামোগত কোন সহায়তা প্রদান করে না। MPA কর্তৃক ইআরডি'র নিকট লিখিত টিএপিপি প্রেরণ করা হলে তারা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>(৩) BLPA (Banladesh Land Port Authority) এর প্রতিনিধি জানায় বিশ্বব্যাংকের অর্থায়নে "Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS) (BLPA Part) এর আওতায় বেনাপোল স্থলবন্দরে একটি Cold Storage স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী অর্থবছরে টেন্ডার আহবান করা হবে। তারা ২৪ ঘন্টার মধ্যে Perishable goods খালাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>বেনাপোল স্থলবন্দরে অতিসত্তর BLPA কর্তৃক Cold Store স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচিত হয়।<br>(৪) PPA (Payara Port Authority) এর প্রতিনিধি জানায় তারা পায়রা পোর্টকে স্বতন্ত্র পোর্ট হিসেবে develop করেছে। এ বিষয়ে USDA এর সহায়তায় Awareness Program অব্যাহত রাখা হয়েছে। তাদের Awareness Program অব্যাহত রাখার জন্য সভায় আলোচনা হয়। | (২) MPA কর্তৃক Cold Storage এর জায়গার অর্থ বরাদ্দের বিষয়ে ইআরডি'র নিকট লিখিত টিএপিপি প্রেরণ করতে হবে।<br><br>(৩) BLPA অতিসত্তর বেনাপোলে Cold Store স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(৪) PPA (Payara Port Authority) তাদের Awareness Program অব্যাহত রাখবে। | (২) MPA এবং ইআরডি<br><br>(৩) BLPA<br><br>(৪) PPA |
| ৩.২ (ঞ) | Article 8: Border Agency Cooperation এর বিষয়ে<br>(১) জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (গ্রেড ১) (মূসক নীতি) জনাব জাকিয়া সুলতানা বলেন যে, যে কোন কাস্টমস হাউজ/স্টেশনে পণ্য ছাড়করণ/ প্রক্রিয়াকরণে আমদানি-রপ্তানিতে কাস্টমস কেন্দ্রীয় ভূমিকা পালন করে। এছাড়া যে সকল সংস্থার মাধ্যমে বিভিন্ন স্থল, নৌ, বিমানপথে আমদানি রপ্তানি কার্যক্রম পরিচালিত হয়ে থাকে, তার মধ্যে একমাত্র কাস্টমস এর কার্যক্রমই সকল স্থানে | (১) Custom Authority/এনবিআর lead নিয়ে Border Agency Cooperation এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং একটি সরকারী | (১) জাতীয় রাজস্ব বোর্ড |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | রয়েছে। এছাড়া, WTO'র TFA বাস্তবায়নে Lead Agency হলো কাস্টমস।<br><br>বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, Custom Authority/এনবিআর Border Agency Cooperation এর বিষয়ে lead নিতে পারে এবং এ বিষয়ে একটি order জারী করতে পারে।<br>এ বিষয়ে BRCP-1 প্রকল্পের পরামর্শক ড. আবিদ খান বলেন যে, আমদানি রপ্তানি ও ট্রানজিট বাণিজ্য সহজীকরণ তথা ট্রেড ফ্যাসিলিটেশন এর স্বার্থে TF Agreement এর Article-8 এর উদ্দেশ্য পূরণকল্পে স্থানীয় পর্যায়ে বর্ডার এজেন্সী co-operation এর জন্য প্রতিটি কাস্টমস স্টেশনে বাণিজ্য সীমান্ত সংস্থার সমন্বয়ে একটি কমিটি গঠন করা প্রয়োজন। এক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষ পণ্য ছাড়করণের কেন্দ্রীয় দপ্তর বিধায় কাস্টমস হাউজ/স্টেশন- এর কমিশনার কে আহবায়ক করে এবং পণ্য ছাড়করণের জড়িত অন্যান্য পোর্ট/স্টেশন সংশ্লিষ্ট সংস্থার সমন্বয়ে একটি সমন্বয় কমিটি গঠন করা যেতে পারে।<br>এফবিসিসিআই'র প্রতিনিধি বলেন, inter agency coordination (পার্শ্ববর্তী দেশের) এবং intra-agency coordination (অভ্যন্তরীন) এর মাধ্যমে এ বিষয়ে ব্যবস্থা নেয়া যেতে পারে।<br><br>(২) BLPA (Bangladesh Land Port Authority) এর প্রতিনিধি জানায়, বিআরসিপি-১ কর্তৃক সম্পাদিত স্টাডি ও বিশ্বব্যাংকসহ অন্যান্য প্রতিষ্ঠানের স্টাডির সুপারিশসমূহ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হবে। | আদেশ জারীর প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।<br><br>(২) BLPA (Bangladesh Land Port Authority) বিআরসিপি-১ কর্তৃক সম্পাদিত স্টাডি ও বিশ্বব্যাংক সহ অন্যান্য প্রতিষ্ঠানের স্টাডির সুপারিশসমূহ বাস্তবায়ন করবে। | (২) BLPA |
| ৩.২ (ট) | Article 10.1.1 (a): Formalities and Documentation Requirements এর বিষয়ে<br>(১) এনবিআর এর প্রতিনিধি জানায়, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম কাস্টমস হাউস, বেনাপোল কাস্টমস হাউস এবং ঢাকা কাস্টমস হাউসে বিজনেস প্রসেস (BPR) রিভিউ করা হয়েছে। ০৩ টি এলসিএস (ভোমরা, বাংলাবান্ধা ও বুড়িমারী এলসিএস) এর বিজনেস প্রসেস রিভিউ কার্যক্রম চলমান।<br><br>জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Periodically Documentation Requirements রিভিউ করার বিষয়ে সভায় গুরুত্বরোপ করা হয়। | (১) জাতীয় রাজস্ব বোর্ড Periodically Documentation Requirements রিভিউ করবে। | (১) এনবিআর |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | (২) সভায় আরো আলোচনা করা হয় যে, জাতীয় রাজস্ব বোর্ড ও অন্যান্য CLPIA-গুলো পর্যায়ক্রমে Documentation Requirements রিভিউ করতে পারে। | (২) CLPIA-গুলো Periodically Documentation Requirements রিভিউ করবে। | (২) CLPIA |
| ৩.২ (ঠ) | Article 10.4: Single Window এর বিষয়ে<br>(১) বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, NSW (National Single Window)-তে সকল সংস্থা সমতালে এগিয়ে না আসলে NSW বাস্তবায়ন সম্ভব নাও হতে পারে। ইতোমধ্যে অনেক সংস্থা OSS (One Stop Service) করেছে। তারাও NSW-তে সম্পৃক্ত হতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য তিনি জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধিকে অনুরোধ জানান।<br><br>এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (গ্রেড ১) (মূসক নীতি) জনাব জাকিয়া সুলতানা জানান যে, NSW প্রকল্পের আওতায়, জুলাই ২৩- এ NSW Software ও ARMS software ডেভেলপমেন্টের জন্য একটি সফটওয়্যার ভেন্ডর নিয়োগ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান NSW সফটওয়্যারের মোট সাত টি মডিউলের মধ্যে প্রথম ছয় মাসে একটি মডিউল ডেভেলপমেন্ট ও go live সম্পন্ন করবে, এবং প্রথম আঠারো মাসে NSW এর সকল মডিউল সহ ARMS সফটওয়্যার development ও go live সম্পন্ন করবে। পরবর্তী আঠারো মাস টেকনোলজি ট্রান্সফার, handholding ও ওয়ারেন্টি পিরিয়ডের জন্য নির্ধারন করা আছে।<br>তিনি NSW সফটওয়্যার প্রসঙ্গে সভাকে আরো অবহিত করেন যে, NSW মূলত: আমদানি-রপ্তানি ট্রানজিট পণ্য ছাড় / প্রক্রিয়াকরণে, যে সকল সংস্থার CLP (সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট) প্রয়োজন, তাদের মধ্যে প্রাথমিক পর্যায়ে ১৯ টি সংস্থার CLP র জন্য, ট্রেডার কর্তৃক একটি সিঙ্গেল প্ল্যাটফর্মে অর্থাৎ NSW প্ল্যাটফর্মে অনলাইনে আবেদন দাখিল করা হবে। এক্ষেত্রে যেসকল সংস্থার উক্ত CLP ইস্যুর জন্য ইতিমধ্যে নিজস্ব অনলাইন সিস্টেম আছে, তাদের ক্ষেত্রে আবেদনকারী প্রথমে অনলাইনে NSW প্ল্যাটফর্মে আবেদন করবে, এবং ARMS-সফটওয়্যারের মাধ্যমে রিস্ক ম্যানেজমেন্ট (RM) এর ফিডব্যাকসহ উক্ত | (১) ১৯টি সংস্থা/প্রতিষ্ঠানকে একই platform-এ নিয়ে NSW প্রাথমিকভাবে চালু করতে হবে। | (১) এনবিআর, NSW Project |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | আবেদনটি সংশ্লিষ্ট সংস্থার সিস্টেমে, CLP প্রসেস ও ইস্যুর জন্য ফরোয়ার্ড করা হবে। সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক তা প্রসেস ও ইস্যুর পর তা NSW সিস্টেমে প্রেরিত হবে।<br>এছাড়া যাদের নিজস্ব অনলাইন সিস্টেম নেই তারা NSW এর উইন্ডো ব্যবহার করে সংশ্লিষ্ট CLP ইস্যু করবেন।<br><br>(২) জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য আরো বলেন যে, ইতিমধ্যে NSW সফটওয়্যার ভেন্ডর নিযুক্ত হওয়ায় এবং ১ম দেড় বছরের মধ্যে সফটওয়্যার ডেভেলপ ও বাস্তবায়নের (go live) সময়সীমা নির্ধারিত থাকায়, উক্ত ১৯ টি সংস্থা সহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাকে, এই দেড় বছরে NSW প্রকল্প কে ধারাবাহিক ভাবে, সহায়তা প্রদান অব্যহত রাখা অত্যন্ত জরুরী। অন্যথায় প্রকল্পের সময় অতিবাহিত হলেও, প্রকল্প বাস্তবায়ন সম্ভব হবে না। অর্থাৎ ১৯ টি সংস্থার সময়ানুগ সহায়তার উপর NSW প্রকল্পের সফলতা নির্ভর করছে। তিনি NTFC'র এই সভার মাধ্যমে ১৯ টি সংস্থাকে অগ্রাধিকার ভিত্তিতে এবং প্রকল্পের কাজের গতির সাথে সমন্বয় রেখে NSW প্রকল্প কে অব্যাহত সহায়তা প্রদান ও সম্পৃক্ত থাকার জন্য সবার কমিটমেন্ট প্রার্থনা করেন।<br>এ বিষয়ে BIDA'র চেয়ারম্যান মহোদয় বলেন, NSW বাস্তবায়নের জন্য দেড়-দু'বছরের প্রয়োজন নেই। আরো কম সময়ের মধ্যে NSW বাস্তবায়নের জন্য তিনি এনবিআর-কে অনুরোধ জানান। তিনি আরো বলেন, BIDA'র ৮০% সেবা OSS এর মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। BIDA'র সকল কার্যক্রম Time bound.<br><br>(৩) বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, NSW-এর ফোকাল পয়েন্টদের সক্রিয় অংশগ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগ হতে পত্রের মাধ্যমে সকল সংস্থাকে অনুরোধ জানানোর ব্যবস্থা নেয়া যেতে পারে। | (২) NSW ভুক্ত ১৯ টি সংস্থাসহ পোর্ট, ল্যান্ডপোর্ট, ব্যাংক, অন্যান্য ট্রেড বডি প্রকল্পের কাজের গতির সাথে সমন্বয় রেখে সকলে অগ্রাধিকার ভিত্তিতে NSW প্রকল্প কে তাদের সহায়তা প্রদান অব্যাহত রাখবেন।<br><br>(৩) NSW-এর ফোকাল পয়েন্টদের সক্রিয় অংশগ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও অনুবিভাগ হতে পত্রের মাধ্যমে সকল সংস্থাকে অনুরোধ জানানোর ব্যবস্থা নিতে হবে। | (২) এনবিআর এবং সংশ্লিষ্ট সকল CLPIA ও স্টেকহোল্ডার<br><br>(৩) ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.২ (ড) | Article 11.5, 11.9, 11.16: Freedom of Transit এর বিষয়ে | | |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগ জানায় যে, বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে Transit Policy বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাদেরকে নিয়ে একাধিক সভার আয়োজন করা হয়েছে। আগামী মাস থেকে Transit Policy করার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় Transit Policy তৈরী তরান্বিত করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। | বাণিজ্য মন্ত্রণালয়ের এফটিএ অনুবিভাগ কর্তৃক দ্রুত Transit Policy প্রণয়নের পদক্ষেপ নিতে হবে। | এফটিএ অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.২ (ঢ) | NTFC'র বিভিন্ন Working Group এর কার্যক্রমের অগ্রগতির বিষয়ে<br>(১) বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় বলেন, NTFC সভায় Working Group সমূহের কার্যক্রমের অগ্রগতি আলোচনার প্রয়োজন নেই। তবে কোন Working Group এর সুনির্দিষ্ট কোন এজেন্ডা থাকলে তা NTFC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা যেতে পারে। | (১) NTFC সভায় Working Group সমূহের কার্যক্রমের অগ্রগতি আলোচনার প্রয়োজন নেই। তবে কোন Working Group এর সুনির্দিষ্ট কোন এজেন্ডা থাকলে তা NTFC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | (১) ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় এবং বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় অংগ |
| | (২) Connectivity সংক্রান্ত Working Group'র আহবায়ক সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে এ গ্রুপের ০৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহের সিদ্ধান্ত অনুযায়ী রেল, নৌ, সড়ক, সিভিল এভিয়েমন, অর্থনৈতিক অঞ্চল, EPZ, Land Port অন্তর্ভুক্ত করে সড়ক ও জনপথ অধিদপ্তর থেকে একটি Multi-modal Connectivity Map প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত Map-টির উপর User Point of View থেকে বিভিন্ন অংশীজনের মতামত গ্রহণ করা প্রয়োজন। এ লক্ষ্যে একটি Workshop আয়োজন করা দরকার। তিনি আরো বলেন, সমন্বিত বহুমাধ্যম নীতিমালা হালনাগাদ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ,সংস্থা এবং অন্যান্য অংশীজনের মতামত গ্রহণেও Workshop আয়োজন করা যেতে পারে। Workshop আয়োজনের সার্বিক সহায়তা বিআরসিপি-১ প্রকল্প থেকে প্রদান করতে পারে বলে তিনি প্রস্তাব করেন। সভায় তার প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করা হয় এবং বিআরসিপি-১, বাণিজ্য অংগকে নির্দেশনা প্রদান করা হয়। | (২) Connectivity সংক্রান্ত Working Group কর্তৃক Multi-modal Connectivity Map'র উপর এবং সমন্বিত বহুমাধ্যম নীতিমালা হালনাগাদ করার জন্য Workshop আয়োজনের লক্ষ্যে বিআরসিপি-১, বাণিজ্য অংগ থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে। | (২) বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় অংগ ও Connectivity সংক্রান্ত Working Group |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | (৩) বিএসটিআই'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, Standard সংক্রান্ত Working Group'র আহবায়ক বর্তমানে বিএসটিআই'র মহাপরিচালক মহোদয় রয়েছেন। তিনি বলেন, এ Working Group-টিকে আরো গতিশীল করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা) কে আহবায়ক করে উক্ত Working Group-টিকে পুন:গঠন করা যেতে পারে এবং বিএসটিআই'র একজন পরিচালককে উক্ত Working Group-এ সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে। শিল্প মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৩) শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা) কে আহবায়ক করে Standard সংক্রান্ত Working Group-টিকে পুন:গঠন বিষয়ে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং বিএসটিআই'র একজন পরিচালককে উক্ত Working Group-এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। | (৩) শিল্প মন্ত্রণালয় ও বিএসটিআই |
| | (৪) Working Group for Women's Trade/Economic Empowerment এর সভাপতি সভাকে অবহিত করেন যে, এ গ্রুপের ০৬টি সভার আয়োজন করা হয়েছে। ৬ষ্ঠ সভাটি গত ০৫-০৭-২০২৩ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো জানান, নারী উদ্যোক্তাদের আন্ত:যোগাযোগ, তথ্য আদান-প্রদান ও মার্কেটিং-এ সহায়তার নিমিত্ত Women Entrepreneurs Networking Platform (WENP) তৈরি করা হয়েছে। ১৮-০৬-২০২৩ইং তারিখে সিরডাপে সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় মহোদয় কর্তৃক Launching পূর্বক Live-এ দেয়া হয়েছে। প্রায় ২৬০০০ নারী উদ্যোক্তা এ Platform-এ সংযুক্ত রয়েছেন। নতুন উদ্যোক্তাদের Self-registration এর মাধ্যমে যুক্ত হওয়ার সুযোগ রয়েছে।<br>Women Entrepreneurs Networking Platform (WENP)-এ নতুন মহিলা উদ্যোক্তাদের Self-registration এর মাধ্যমে যুক্ত হওয়ার সুযোগের বিষয়ে প্রচারনা চালানো যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৪) Women Entrepreneurs Networking Platform (WENP)-এ নতুন মহিলা উদ্যোক্তাদের Self-registration এর মাধ্যমে যুক্ত হওয়ার সুযোগের বিষয়ে প্রচারনা চালাতে হবে। | (৪) সভাপতি Working Group for Women's Trade/ Economic Empowerment |
| | (৫) অন্যান্য ০৫টি ওয়ার্কিং গ্রুপের (NTFC Working Group, National Single Window (NSW) Working Group, Land Port সংক্রান্ত Working Group, Intellectual Property Rights সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, Agro Trade সংক্রান্ত Working Group) কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে এবং উক্ত গ্রুপসমূহের কোন Group এর সুনির্দিষ্ট কোন এজেন্ডা থাকলে তা NTFC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন | (৫) অন্যান্য ০৫টি ওয়ার্কিং গ্রুপের (NTFC Working Group, National Single Window (NSW) Working Group, Land Port সংক্রান্ত Working Group, | (৫) আহবায়ক, NTFC Working Group, National Single Window (NSW) Working |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | করা যেতে পারে মর্মে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় মতামত ব্যক্ত করেন। | Intellectual Property Rights সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, Agro Trade সংক্রান্ত Working Group) কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উক্ত গ্রুপসমূহের কোন Group এর সুনির্দিষ্ট কোন এজেন্ডা থাকলে তা NTFC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | Group, Land Port সংক্রান্ত Working Group, Intellectual Property Rights সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, Agro Trade সংক্রান্ত Working Group |
| ৩.৩ | আলোচ্য বিষয়-৩: বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত খসড়া TFA Action Plan উপস্থাপন:<br>বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় অংগ এর কনসালটেন্ট ড. মোস্তফা আবিদ খান জানান যে, বিগত ৩০-১২-২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম এনটিএফসি সভায় TFA Action Plan (Road Map) তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাণিজ্য মন্ত্রণালয়ের বিআরসিপি-১ প্রকল্প ও BTF (Bangladesh Trade Facilitation) এর সমন্বয়ে WTO এর “Agreement on Trade Facilitation (TFA)” বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সরকারি ৫৮টি প্রতিষ্ঠান ও বেসরকারি ০৭টি প্রতিষ্ঠান মোট ৬৫টি প্রতিষ্ঠান চিহ্নিত করা হয়েছে। তন্মধ্যে TFA এর সাথে অধিক সম্পৃক্ত ২৮টি প্রতিষ্ঠানের খসড়া TFA Action Plan (Road Map) তৈরী করা হয়েছে। ২৮টি প্রতিষ্ঠানের মধ্যে বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় প্রকল্প কর্তৃক ১৪টি প্রতিষ্ঠানের ও BTF (Bangladesh Trade Facilitation) কর্তৃক ১৪ টি Agro- related প্রতিষ্ঠানের TFA Action Plan তৈরী করা হয়েছে।<br>অত:পর তিনি প্রস্তুতকৃত TFA Action Plan সভায় উপস্থাপন করত: TFA বাস্তবায়নের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Current Status ও required action-সমূহ সভাকে অবহিত করেন।<br>উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনার পর স্ব স্ব প্রতিষ্ঠানের বাস্তবায়নযোগ্য অংশ বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণের ব্যবস্থা নেয়ার জন্য সভায় একমত পোষণ করা হয়। | বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় অংগ কর্তৃক Action Plan চূড়ান্তকরণ পূর্বক বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রত্যেক সংস্থাকে বাস্তবায়নের জন্য প্রেরণ করতে হবে। অন্যান্য সংস্থার Action Plan প্রস্তুতের কাজ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় অংগ ও ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩.৪ | আলোচ্য বিষয়-৪: বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত স্টাডি উপস্থাপন: | | |

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় বিএফটিআই কর্তৃক সম্পন্ন ০৪টি স্টাডির উদ্দেশ্য বিএফটিআই'র প্রধান নির্বাহী কর্মকর্তা সংক্ষেপে সভায় উপস্থাপন করেন এবং স্টাডিগুলোর কপি বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়কে হস্তান্তর করেন। এছাড়া স্টাডিগুলোর কপি উপস্থিত সকল প্রতিনিধিকে বিতরণ করা হয়।<br><br>বিএফটিআই'র প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, LDC পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলায় রপ্তানি পণ্য বহুমুখীকরণ প্রয়োজন। বর্তমানে বিএফটিআই'র Standing Committee for Economic and Commercial Cooperation (COMCEC) এর আওতায় ০৩ মাস মেয়াদী হালাল পণ্যের উপর প্রশিক্ষণভিত্তিক একটি প্রকল্প গৃহীত হয়েছে। বাংলাদেশের হালাল পণ্য রপ্তানির সক্ষমতা রয়েছে এবং হালাল পণ্য রপ্তানির মাধ্যমে রপ্তানি বৈচিত্র্যকরণের অপার সম্ভাবনা রয়েছে। এ কারণে হালাল পণ্যের উপর একটি পূর্ণাঙ্গ দীর্ঘমেয়াদী স্টাডি/গবেষণা প্রয়োজন যা রপ্তানি সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে স্টাডিসমূহের সুপারিশ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | নৌ পরিবহন মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা |
| ৩.৫ | আলোচ্যসূচী-৫: পায়রা বন্দরের সুযোগ-সুবিধা ও সম্ভাবনা বিষয়ক ভিডিও ক্লিপ প্রদর্শন-<br>পায়রা বন্দরের চেয়ারম্যান মহোদয় কর্তৃক সভায় উপস্থিত প্রতিনিধিদের অবগতির জন্য একটি ভিডিও প্রদর্শন করা হয়। | | |

০৪. সভায় সকলের সক্রিয় অংশগ্রহণ এবং মূল্যবান মতামত প্রদানের জন্য মাননীয় বাণিজ্য মন্ত্রী উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত সকল কার্যক্রমে জরুরীভাবে Automation এবং দক্ষতা বৃদ্ধির উপর গুরুত্ব দিতে হবে। বিশেষ করে LDC Graduation পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলার জন্য NSW বাস্তবায়নের কাজ তরান্বিত করার জন্য তিনি অনুরোধ জানান। অত:পর সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(টিপু মুনশি, এমপি)
মন্ত্রী
বাণিজ্য মন্ত্রণালয় এবং
সভাপতি, এনটিএফসি

স্মারক নং-২৬.০০.০০০০.১৩৩.১৪.০৩.২২.১৫৮ তারিখ: ১৪/০৮/ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ১১১ বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা।
৬. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
১১. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১২. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৩. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬.সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
১৭. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৯. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।
২৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ, ধানমন্ডি, ঢাকা।
২৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
২৬. অতিরিক্ত সচিব, রপ্তানি, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭.অতিরিক্ত সচিব, উন্নয়ন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮.অতিরিক্ত সচিব, আইআইটি, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. অতিরিক্ত সচিব, এফটিএ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কারওয়ান বাজার, ঢাকা।
৩১. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, এনএসসি টাওয়ার, পুরানা পল্টন, ঢাকা।
৩২. মহাপরিচালক, বিএসটিআই এবং আহবায়ক, Standard সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৩৩. চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং আহবায়ক, Land Port সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা।
৩৪. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৫. চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট।
৩৬. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কাকরাইল, ঢাকা।
৩৭. চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিটিও ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৩৮.মহাপরিচালক, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), শিল্প মন্ত্রণালয় ভবন (ষষ্ঠ তলা), ৯১, মতিঝিল বা/এ, ঢাক।
৩৯. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪০. অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আহবায়ক, Connectivity সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, ভবন নং ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. অতিরিক্ত সচিব (মান নিয়ন্ত্রন ও ব্যবসা সহায়তা), শিল্প মন্ত্রনালয় ও আহবায়ক, Intellectual Property Rights সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা।

৪২. ড. ফারহানা আইরিছ, যুগ্মসচিব (ডব্লিউটিও অধিশাখা-৩), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. প্রকল্প পরিচালক, বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প -১, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪৪. প্রকল্প পরিচালক, বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১, বাণিজ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
৪৫. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, ঢাকা।
৪৬. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ডিসিসিআই বিল্ডিং, মতিঝিল বা/এ, ঢাকা।
৪৭. জনাব মো: মুনীর চৌধুরী, ন্যাশনাল ট্রেড এক্সপার্ট, বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
৪৮. ড. মোস্তফা আবেদ খাঁন, সিনিয়র ট্রেড স্পেশালিস্ট, বিআরসিপি-১, বাণিজ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ
১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ডব্লিউটিও অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।